গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সাভার, ঢাকা
www.shniyd.gov.bd

## শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | আবু তাহের মো: মাসুদ রানা<br>মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট |
| তারিখ | : | ০৫ ফেব্রুয়ারী ২০২৩ |
| সময় | : | সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | : | ইনস্টিটিউটের সম্মেলন কক্ষ |
| উপস্থিত অংশগ্রহণকারীগণের তালিকা | : | পরিশিষ্ট "ক" |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি ইনস্টিটিউটের সকল শাখার সার্বিক কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে অবগত হন। ইনস্টিটিউটের সকল কার্যক্রম স্বচ্ছতা ও জবাবদিহিতার সাথে সম্পন্ন করার প্রতি তিনি গুরুত্বারোপ করেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | জানুয়ারী-২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী বিষয়ে কোন সংযোজন/সংশোধন প্রস্তাব থাকলে তা উপস্থাপন করার জন্য অনুরোধ করা হয়। | কোনরুপ সংযোজন/সংশোধনী প্রস্তাব না থাকায় গত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হয়। | উপপরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ০২ | শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের শাখা ভিত্তিক সকল পত্র প্রাপ্তি ও নিষ্পত্তি সংক্রান্ত তথ্য বিষয়ে আলোচনা করা হয়। | জরুরী পত্রের ক্ষেত্রে প্রাপ্তিমাত্র এবং অন্যান্য পত্রের ক্ষেত্রে প্রাপ্তির ৩ দিনের মধ্যে নথিতে উপস্থাপন নিশ্চিত করতে হবে। | ১) উপপরিচালক (প্রশাসন ও অর্থ)<br>২) সহকারী পরিচালক (সকল শাখা) |
| ০৩ | পুরাতন বিটিসিএল এর ইন্টারনেট ও অব্যবহৃত টেলিফোন সংযোগ বন্ধ সংক্রান্ত প্রেরিত পত্রের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | পুরাতন বিটিসিএল এর ইন্টারনেট ও অব্যবহৃত টেলিফোন সংযোগ বন্ধ সংক্রান্ত পত্রের বিষয়ে বিটিসিএল কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করতে হবে। | সহকারী পরিচালক (প্রশাসন) |
| ০৪ | জনবল নিয়োগের বিষয়ে ০৪-০১-২০২৩ তারিখে মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন না হওয়ায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। | নিয়োগ প্রস্তুতির অগ্রগতির প্রতিবেদন আগামী ০৯ ফেব্রুয়ারী ২০২৩ তারিখের মধ্যে দাখিল করতে হবে। | আহবায়ক, নিয়োগ সংক্রান্ত গঠিত প্রস্তুতি কমিটি। |
| ০৫ | ইনস্টিটিউটের ব্রোশিয়র প্রকাশের বিষয়ে আলোচনা করা হয়। | খসড়া ব্রোশিয়রটি সংশোধন পূর্বক আগামী ৭ দিনের মধ্যে উপস্থাপন করতে হবে। | সহকারী পরিচালক(প্রকাশনা) |
| ০৬ | ইনস্টিটিউটের প্রশিক্ষণার্থীদের ডাটাবেজ তৈরীর বিষয়ে সভায় আলোচনা করা হয়। সভায় সহকারী পরিচালক(গবেষণা) জানান যে, এ পর্যন্ত ৬৩০০ জন প্রশিক্ষণার্থীর ডাটাবেজ তৈরী করা হয়েছে। | ১। অবশিষ্ট প্রশিক্ষণার্থীর নির্ভুল তথ্য ফেব্রুয়ারী, ২০২৩ মাসের মধ্যে ডাটাবেজে অন্তর্ভূক্তির ব্যবস্থা গ্রহণ সম্পন্ন করতে হবে।<br>২। ইনস্টিটিউটের মূল ওয়েবসাইট হতে নির্ভুল ডাটাবেজ প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১) সহকারী পরিচালক(গবেষণা)<br>২) ফিজিক্যাল ইন্সট্রাক্টর |

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০৭ | সভায় গবেষণা কার্যক্রমের অগ্রগতি বিষয়ে আলোচনা করা হয়। সহকারী পরিচালক(গবেষণা) জানান, সংক্ষিপ্ত তালিকায় ০৩টি প্রতিষ্ঠান আর্থিক ও কারিগরি প্রস্তাব দাখিল করে। তন্মধ্যে মূল্যায়ণ শেষে একটি প্রতিষ্ঠানের অনুকূলে NOA প্রদান করা হয়েছে। | গবেষণা কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | ১) রেজিস্ট্রার<br>২)সহকারী পরিচালক(গবেষণা) |
| ০৮ | লাইব্রেরীর জন্য বই সংগ্রহের বিষয়ে আলোচনা করা হয় | ইনস্টিটেউটের চলমান কোর্স সমূহে প্রাপ্ত চাহিদা অনুযায়ী বইয়ের তালিকা প্রণয়ন ও বই ক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপপরিচালক(ট্রেনিং ও মূল্যায়ন) সহকারী পরিচালক(প্রশিক্ষণ) ও কোর্স কো-অর্ডিনেটর (সকল) |
| ০৯ | আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ও মহান শহীদ দিবস-২০২৩ যথাযথ ভাবে উপদযাপনের বিষয়ে আলোচনা করা হয়। | ১। রাত ১২.০১ মিনিটে ফুল দিয়ে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন।<br>২। জাতীয় পতাকা অর্ধ নিমিত রাখা।<br>৩। সকাল ১০.৩০ টায় শিশুদের চিত্রাংকন প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান আয়োজন।<br>৪। মসজিদে দোয়া মাহফিলের আয়োজন। | ১) উপপরিচালক (প্রশাসন ও অর্থ)<br>২) সহকারী পরিচালক (সকল শাখা) |
| ১০ | খন্ডকালীন নিয়োগকৃত ডাক্তারের যোগদান এবং প্রতি রবিবার ও বুধবার বেলা ৩.০০ টা হতে ৫.০০ পর্যন্ত রোগী দেখার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | রোগী দেখার বর্ণিত সময় ইনস্টিটিউটের ক্যাম্পাসে বসবাসরত সকলকে (প্রশিক্ষণার্থীসহ) অবহিত করতে হবে। | সহকারী পরিচালক(প্রশাসন) |
| ১১ | এপিএসহ অন্যান্য মাসিক ও ত্রৈমাসিক প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। | এপিএসহ অন্যান্য মাসিক ও ত্রৈমাসিক সকল প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে নির্ভুলভাবে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | উপপরিচালক (প্রশাসন ও অর্থ) সহকারী পরিচালক(সকল) |
| ১২ | জানুয়ারী ২০২৩ মাসে শ্রেষ্ঠ কর্মচারীকে পুরষ্কার প্রদান বিষয়ে সভায় আলোচনা করা হয়। কর্মচারীদের কাজের মান উন্নয়ন বিষয় এ পদক্ষেপ অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে সভায় অভিমত ব্যক্ত করা হয়। | ক) জানুয়ারী ২০২৩ মাসে ৩য় শ্রেণীর জনাব অভিজিত কুমার মজুমদার, পিএ ও ৪র্থ শ্রেণীর জনাব সোহেল মোল্লাকে শ্রেষ্ঠ কর্মচারী হিসেবে নির্বাচন ও তাদের পুরস্কৃত করা হয়।<br>খ) পরবর্তী মাস হতে নিম্নরূপ কমিটির মাধ্যমে শ্রেষ্ঠ কর্মচারী নির্বাচনের ব্যবস্থা গ্রহণ করতে হবে;<br>১) রেজিস্ট্রার - সভাপতি<br>২) উপপরিচালক (প্রশিক্ষণ ও মূল্যায়ন) - সদস্য<br>৩) উপপরিচালক (প্রশাসন ও অর্থ) - সদস্য সচিব | উপপরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ১৭ | প্রশিক্ষণার্থীদের ডিজি'স এ্যাওয়ার্ড প্রদানের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | প্রশিক্ষণার্থীদের উদ্বুদ্ধ করার লক্ষ্যে চলমান ০৩টি ডিপ্লোমা কোর্সের প্রতিটির ১ম স্থান অধিকারীকে ডিজি'স এ্যাওয়ার্ড প্রদানের ব্যবস্থা নিতে হবে। | উপপরিচালক (প্রশিক্ষণ ও মূল্যায়ণ) |

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১৩ | প্রশিক্ষণার্থীরা লাইব্রেরীতে অধ্যায়ণের সময় নিয়ে সভায় আলোচনা করা হয়। | লাইব্রেরী প্রতি কার্যদিবস বিকাল ৫.০০ টা হতে রাত ৮.০০ টা পর্যন্ত খোলা রাখার ব্যবস্থা নিতে হবে। | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারী |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


স্বাক্ষরিত:
০৭/০২/২০২৩
আবু তাহের মো: মাসুদ রানা
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
ফোন:-০২-২২৪৪২৬০৩০
ই-মেইল- dgshniyd@shniyd.gov.bd


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সাভার, ঢাকা।
www.shniyd.gov.bd

স্মারক নং-৩৪.০৬.২৬৭২.০০০.০৬.০৪০.২১ - ১৫৬৮

তারিখ: ২৪ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ
০৭ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব, যুব ও ক্রীড়া মহোদয়ের সদয় অবগতির জন্য) ।
০২। উপপরিচালক/সহকারী পরিচালক (সকল), শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
০৩। হোস্টেল সুপারিনটেনডেন্ট/ফিজিক্যাল ইন্সট্রাক্টর, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
০৪। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
০৫। অফিস কপি।

৭/২/২৩


(আবদুল কাইয়ূম)
সহকারী পরিচালক (প্রশাসন)
ফোন : ০২-২২৪৪২৬০৬৯